যে ব্যক্তি প্রথম আঘাতেই টিকটিকি হত্যা করে, তার জন্য একশত নেকী, দ্বিতীয় আঘাতে তার চাইতে কম (নেকী) এবং তৃতীয় আঘাতে তার চাইতে কম (নেকী) হয়।

আবূ হুরায়রা রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “যে ব্যক্তি প্রথম আঘাতেই টিকটিকি হত্যা করে ফেলে, তার জন্য এত এত নেকী হয়, আর যে ব্যক্তি দ্বিতীয় আঘাতে মেরে ফেলে, তার জন্য প্রথম ব্যক্তি অপেক্ষা কম এত এত নেকী হয়। আর যদি তৃতীয় আঘাতে তাকে হত্যা করে, তাহলে তার জন্য (অপেক্ষাকৃত কম) এত এত নেকী হয়।” অপর এক বর্ণনায় আছে, “যে ব্যক্তি প্রথম আঘাতেই
টিকটিকি হত্যা করে, তার জন্য একশত নেকী, দ্বিতীয় আঘাতে তার চাইতে কম (নেকী) এবং তৃতীয় আঘাতে তার চাইতে কম (নেকী) হয়।” [সহীহ] [এটি মুসলিম বর্ণনা করেছেন।]

রাসূলুল্লাহ সাল্লাল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম টিকটিকি হত্যা করার প্রতি উৎসাহ ও প্রেরণা দিয়েছেন। তিনি জানান, যে ব্যক্তি প্রথম আঘাতেই সেটা হত্যা করে ফেলে, তার জন্য একশত নেকী লিপিবদ্ধ করা হয়, আর যে ব্যক্তি দ্বিতীয় আঘাতে সেটাকে মেরে ফেলে, তার জন্য প্রথম ব্যক্তি অপেক্ষা কিছু কম নেকী লেখা হয়। আর যদি তৃতীয় আঘাতে তাকে হত্যা করে, তার নেকী আরও কম লেখা হয়।

https://sunnah.global/hadeeth/bn/show/8413